

# সমব্লাস্ট

## এইচএসসিতে সর্বোচ্চ পাসের হার কুমিল্লায়

প্রকাশ: ০৮ ফেব্রুয়ারি ২৩ | ১৪:০১ | আপডেট: ০৮ ফেব্রুয়ারি ২৩ | ১৪:১৮

### কুমিল্লা প্রতিনিধি



কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে এবারে এইচ এচ সি পরীক্ষায় ৮৫ হাজার ৮৮০ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন। এর মধ্যে পাস করেছেন ৭ হাজার ৯০৭ জন। পাসের হার শতকরা ৯০.৭২ শতাংশ। যা সব বোর্ডের মধ্যে সর্বোচ্চ। গত বছর পাসের হার ছিল ৯৭.৪৯ শতাংশ। এ বছর জিপিএ-৫ পেয়েছেন ১৪ হাজার ৯৯১ জন।

বুধবার দুপুরে কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. মো. আসাদুজ্জামান বোর্ড মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান।

কুমিল্লা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এবার এই শিক্ষা বোর্ডে শত ভাগ পাস করেছে ৩৭টি শিক্ষা প্রতিষ্ঠান। এবারের ফলাফলে ছেলেদের চেয়ে এগিয়ে আছে মেয়েরা। জিপিএ -৫ প্রাপ্তিতেও এগিয়ে মেয়েরা। মেয়েদের মধ্যে ৮ হাজার ৭৫৭জন জিপিএ-৫ লাভ করেছে। ছেলেদের মধ্যে জিপিএ-৫

পেয়েছে ৫ হাজার ৬৮৪ জন। মেয়েদের শতকরা পাসের হার ৯১দশমিক ৩৯ শতাংশ এবং ছেলেদের ৮৯ দশমিক ৮৪ শতাংশ।

---

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৮০৮০৩৭৮ | ই-মেইল: [samakalad@gmail.com](mailto:samakalad@gmail.com)